

## 🗏 আশ-শুআ'রা | Ash-Shu'ara | الشُّعَرَاء |

আয়াতঃ ২৬: ৬১

💵 আরবি মূল আয়াত:

## فَلَمَّا تَرَآءَ الجَمعٰنِ قَالَ أصحٰبُ مُوسِى إِنَّا لَمُدرَكُونَ ﴿٢٩﴾

## 🗚 অনুবাদসমূহ:

অতঃপর যখন উভয় দল পরস্পরকে দেখল, তখন মূসার সাথীরা বলল, অবশ্যই 'আমরা ধরা পড়ে গেলাম!' — আল-বায়ান

যখন দু'দল পরস্পরকে দেখল তখন মূসার সঙ্গীরা বলল- 'আমরা তো ধরা পড়েই গেলাম।' — তাইসিরুল অতঃপর যখন দু' দল পরস্পরকে দেখল তখন মূসার সঙ্গীরা বললঃ আমরাতো ধরা পড়ে যাচ্ছি! — মুজিবুর রহমান

And when the two companies saw one another, the companions of Moses said, "Indeed, we are to be overtaken!" — Sahih International

৬১. অতঃপর যখন দু'দল পরস্পরকে দেখল, তখন মূসার সঙ্গীরা বলল, আমরা তো ধরা পড়ে গেলাম!

তাফসীরে জাকারিয়া

- (৬১) অতঃপর যখন দু'দল পরস্পরকে দেখল, তখন মূসার সঙ্গীরা বলল, 'আমরা তো ধরা পড়ে গেলাম।'[1]
  - [1] অর্থাৎ, ফিরআউনের সৈন্য-সামন্ত দেখে তারা ভীত-সন্ত্রস্ত হয়ে পড়ল, যেহেতু সামনে সমুদ্র ও পিছনে ফিরআউনের সৈন্য। এখন বাঁচার পথ কোথায়? আবার আমাদেরকে ফিরআউন ও তার দাসত্বই মেনে নিতে হবে।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=2993

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন